গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড,ঢাকা
http://www.dwa.gov.bd

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.১১.০০১.২১.৫২

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **ভালনারেবল উইমেন বেনেফিট' (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ১ জানুয়ারি, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৬ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ সংক্রান্ত পরিপত্র প্রেরণ।**

সূত্র: মশিবিম এর স্মারক নং-৩২.০০.০০০০.০২৯.০৬.০১১.২৪.৩৯৭ তারিখ: ২২/১০/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২২/১০/২০২৪ তারিখের ৩২.০০.০০০০.০২৯.০৬.০১১.২৪.৩৯৭ নম্বর স্মারক মোতাবেক মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন **'ভালনারেবল উইমেন বেনেফিট'** (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ১ জানুয়ারি, ২০২৫ হতে ৩১ ডিসেম্বর, ২০২৬ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ সংক্রান্ত পরিপত্র অনুমোদিত হয় (কপি সংযুক্ত)। ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন সংক্রান্ত কার্যক্রম মাঠ পর্যায়ে শুরুর লক্ষ্যে অনুমোদিত পরিপত্রটি এতদসংগে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


৩০-১০-২০২৪
জাকিয়া আফরোজ
পরিচালক (অতি: সচিব)
০২-৫৮৩১০৬২৯
dwadhaka.director@gmail.com


উপপরিচালক (সকল) জেলা পর্যায় (পরিপত্রটি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের অনুরোধসহ)।

স্মারক নম্বর: ৩২.০১.০০০০.০০৮.১১.০০১.২১.৫২/১ (১)

তারিখ: ১৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
৩০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:**

১। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা (ওয়েব সাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর (পরিপত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।


৩০-১০-২০২৪
জাকিয়া আফরোজ
পরিচালক (অতি: সচিব)

“শিক্ষা-পুষ্টি নিশ্চিত করি,
বাল্য বিয়ে বন্ধ করি”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং: ৩২.০০.০০০০.০২৯.০৬.০১১.২৪-**৩৯৭** তারিখ: ২২/১০/২০২৪ খ্রি:।

## পরিপত্র

**বিষয়: ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ১ জানুয়ারি ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ।**

বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় **‘ভালনারেবল উইমেন বেনিফিট’ (ভিডব্লিউবি)** কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে। এ কার্যক্রমের আওতায় নির্বাচিত **“স্বনির্ভরতার জন্য সহায়তা”** এ মূলনীতি অনুসরণ করে অতি দরিদ্র নারীদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন, সঞ্চয়, জীবন দক্ষতা ও আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি নিরাপত্তার বিষয়ে সচেতনতা ও সক্ষমতা তৈরিতে ভূমিকা পালন করে থাকে। চলতি ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪ এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দে শেষ হবে। ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় পরবর্তী ২০২৫-২০২৬ চক্র ১ জানুয়ারি ২০২৫ থেকে শুরু হবে।

### ১.১ সাধারণ নির্দেশাবলী:

“ভিডব্লিউবি চক্র ২০২৫-২০২৬” এর উপকারভোগী নির্বাচন, কার্ড ও খাদ্য বিতরণ এবং মনিটরিংসহ কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা ও শর্তাবলী অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

ক) সিটি কর্পোরেশন এবং পৌরসভা ব্যতীত দেশের সকল উপজেলা এ কার্যক্রমের আওতাভুক্ত হবে। তবে চক্র শুরু হওয়ার পর কোন ইউনিয়ন যদি পৌরসভা/ সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়, সেক্ষেত্রে ভিডব্লিউবি উপকারভোগীদের চলমান চক্রে খাদ্য সহায়তাসহ প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ভিডব্লিউবি কার্ড প্রদান করা যাবে। সেক্ষেত্রে পৌরসভার জন্য মেয়র এবং সিটি কর্পোরেশনের জন্য প্রধান/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/সচিব এর অনুকূলে খাদ্যের ডিও (অর্পণাদেশ) জারি করা যাবে;

খ) উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বাধীন উপজেলা পর্যায়ের ভিডব্লিউবি কমিটির তত্ত্বাবধানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন;

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেলা কার্যালয়ের প্রোগ্রাম অফিসার (সদর উপজেলা) ভিডব্লিউবি কার্যক্রমের বাস্তবায়ন ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন এই দায়িত্বের অন্তর্ভুক্ত হবে। চলতি চক্রের (২০২৩-২০২৪) আওতায় চুক্তিবদ্ধ এনজিওসমূহ উপজেলা পর্যায়ে উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসারকে সার্বিক সহায়তা প্রদান করবে;

ঘ) জেলা প্রশাসকের নেতৃত্বাধীন জেলা পর্যায়ের ভিডব্লিউবি কমিটির তত্ত্বাবধানে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সংশ্লিষ্ট জেলার ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন;

ঙ) চলতি ২০২৩-২০২৪ চক্রে বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী ২০২৫-২০২৬ চক্রের উপজেলাভিত্তিক ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/ নির্বাচন করতে হবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে উপজেলাভিত্তিক উপকারভোগীর কার্ড সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করা যাবে;

চ) উপজেলার সকল ইউনিয়নে ভিডব্লিউবি কার্ড সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে **‘উপজেলা ভিডব্লিউবি কমিটি’** ইউনিয়ন পর্যায়ে **খাদ্য নিরাপত্তাহীনতা ও অতি দরিদ্র পরিবারের সংখ্যার অনুপাত** বিবেচনা করবে;

ছ) এ পরিপত্র বাংলাদেশের সকল উপজেলা এবং প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য হবে।

"শিক্ষা-পুষ্টি নিশ্চিত করি,
বাল্য বিয়ে বন্ধ করি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

স্মারক নং: ৩২.০০.০০০০.০২৯.০৬.০১১.২৪-**৩৯৭** তারিখ: ২২/১০/২০২৪ খ্রি:।

## পরিপত্র

**বিষয়: ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ১ জানুয়ারি ২০২৫ থেকে ৩১ ডিসেম্বর ২০২৬ চক্রের ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/নির্বাচন, খাদ্য ও কার্ড বিতরণ।**

বাংলাদেশ সরকারের সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় **'ভালনারেবল উইমেন বেনিফিট' (ভিডব্লিউবি)** কার্যক্রম মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়াধীন মহিলা বিষয়ক অধিদপ্তর মাঠ পর্যায়ে বাস্তবায়ন করে। এ কার্যক্রমের আওতায় নির্বাচিত **"স্বনির্ভরতার জন্য সহায়তা"** এ মূলনীতি অনুসরণ করে অতি দরিদ্র নারীদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি সামাজিক সুরক্ষার আলোকে স্থায়ীভাবে জীবনযাত্রার মান উন্নয়ন, সঞ্চয়, জীবন দক্ষতা ও আয়বর্ধক প্রশিক্ষণ, স্বাস্থ্য ও পুষ্টি নিরাপত্তার বিষয়ে সচেতনতা ও সক্ষমতা তৈরিতে ভূমিকা পালন করে থাকে। চলতি ভিডব্লিউবি চক্র ২০২৩-২০২৪ এর মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দে শেষ হবে। ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় পরবর্তী ২০২৫-২০২৬ চক্র ১ জানুয়ারি ২০২৫ থেকে শুরু হবে।

১.১ **সাধারণ নির্দেশাবলী:**

"ভিডব্লিউবি চক্র ২০২৫-২০২৬" এর উপকারভোগী নির্বাচন, কার্ড ও খাদ্য বিতরণ এবং মনিটরিংসহ কার্যক্রমের সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কে স্বচ্ছ ধারণা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা ও শর্তাবলী অনুসরণের জন্য অনুরোধ করা হলো:

ক) সিটি কর্পোরেশন এবং পৌরসভা ব্যতীত দেশের সকল উপজেলা এ কার্যক্রমের আওতাভুক্ত হবে। তবে চক্র শুরু হওয়ার পর কোন ইউনিয়ন যদি পৌরসভা/ সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত হয়, সেক্ষেত্রে ভিডব্লিউবি উপকারভোগীদের চলমান চক্রে খাদ্য সহায়তাসহ প্রশিক্ষণ ও অন্যান্য সুবিধাদি অব্যাহত থাকবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে পৌরসভা ও সিটি কর্পোরেশন এলাকায় ভিডব্লিউবি কার্ড প্রদান করা যাবে। সেক্ষেত্রে পৌরসভার জন্য মেয়র এবং সিটি কর্পোরেশনের জন্য প্রধান/আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা/সচিব এর অনুকূলে খাদ্যের ডিও (অর্পণাদেশ) জারি করা যাবে;

খ) উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বাধীন উপজেলা পর্যায়ের ভিডব্লিউবি কমিটির তত্ত্বাবধানে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন;

গ) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও জেলা কার্যালয়ের প্রোগ্রাম অফিসার (সদর উপজেলা) ভিডব্লিউবি কার্যক্রমের বাস্তবায়ন ও সার্বিক ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন। ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন এই দায়িত্বের অন্তর্ভুক্ত হবে। চলতি চক্রের (২০২৩-২০২৪) আওতায় চুক্তিবদ্ধ এনজিওসমূহ উপজেলা পর্যায়ে উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসারকে সার্বিক সহায়তা প্রদান করবে;

ঘ) জেলা প্রশাসকের নেতৃত্বাধীন জেলা পর্যায়ের ভিডব্লিউবি কমিটির তত্ত্বাবধানে উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সংশ্লিষ্ট জেলার ভিডব্লিউবি কার্যক্রমের সার্বিক সমন্বয় ও মনিটরিং এর দায়িত্ব পালন করবেন;

ঙ) চলতি ২০২৩-২০২৪ চক্রে বিদ্যমান কার্ড সংখ্যা অনুযায়ী ২০২৫-২০২৬ চক্রের উপজেলাভিত্তিক ভিডব্লিউবি উপকারভোগী বাছাই/ নির্বাচন করতে হবে। বিশেষ প্রেক্ষাপটে সরকারের অনুমোদনক্রমে উপজেলাভিত্তিক উপকারভোগীর কার্ড সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করা যাবে;

চ) উপজেলার সকল ইউনিয়নে ভিডব্লিউবি কার্ড সংখ্যা নির্ধারণের ক্ষেত্রে **'উপজেলা ভিডব্লিউবি কমিটি'** ইউনিয়ন পর্যায়ে **খাদ্য নিরাপত্তাহীনতা ও অতি দরিদ্র পরিবারের সংখ্যার অনুপাত** বিবেচনা করবে;

ছ) এ পরিপত্র বাংলাদেশের সকল উপজেলা এবং প্রযোজ্য ক্ষেত্রে পৌরসভা ও সিটি কর্পোরেশনের জন্য প্রযোজ্য হবে।

১.২ প্রচার-প্রচারণা:

- ভিডব্লিউবি কার্যক্রমের নতুন চক্র (২০২৫-২০২৬) আগামী ১ জানুয়ারি ২০২৫ থেকে শুরু হবে। সম্ভাব্য উপকারভোগী নারীসহ সংশ্লিষ্ট সকলকে এ কার্যক্রম সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে মাইকিং, পোষ্টার, লিফলেট, জিঙ্গেল, ভিডিও ক্লিপস, টিভিসি ইত্যাদির মাধ্যমে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ সংশ্লিষ্ট জেলা, উপজেলা, ইউনিয়ন এবং ওয়ার্ড পর্যায়ে ব্যাপক প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনা করবেন
- মহিলা বিষয়ক অধিদপ্তরের মাঠ পর্যায়ে চলমান অন্যান্য কর্মসূচি, বর্তমান চক্রের চুক্তিবদ্ধ এনজিও, কিশোর-কিশোরী ক্লাব ও ইউনিয়ন পর্যায়ের বিভিন্ন কমিটি ভিডব্লিউবি কার্যক্রম বিশেষত আবেদন প্রক্রিয়া সম্পর্কে সম্ভাব্য উপকারভোগী নারীসহ সংশ্লিষ্ট সকলকে অবহিতকরণে সহযোগিতা করবে

উল্লেখ্য, প্রচার-প্রচারণা কার্যক্রম বাস্তবায়নে জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচির কারিগরি সহায়তায় মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয় প্রয়োজনীয় উপকরণ সরবরাহসহ সার্বিক সহযোগিতা প্রদান করবে।

## ২.০ ভিডব্লিউবি উপকারভোগীর আবেদন, যাচাই-বাছাই ও নির্বাচন প্রক্রিয়া:

### ২.১ আবেদন প্রক্রিয়া:

- ভিডব্লিউবি কার্যক্রম হতে সুবিধা পাওয়ার জন্য আবেদনকারী নারীকে স্বশরীরে উপস্থিত থেকে অনলাইনে আবেদন করতে হবে। অনলাইন পোর্টাল dwavwb.gov.bd অথবা mygov.bd অথবা “VWB” মোবাইল এ্যাপের মাধ্যমে আবেদন করা যাবে। তবে, পার্বত্য জেলাসমূহসহ অন্যান্য দুর্গম এলাকা যেখানে ইন্টারনেট সংযোগ নেই সেখানে মোবাইল এ্যাপের মাধ্যমে অফলাইনেও আবেদন করার সুযোগ থাকবে
- টোল ফ্রি হটলাইন ৩৩৩ নম্বরে কল করেও আবেদন করা যাবে। সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ আগ্রহী নারীদের আবেদন প্রক্রিয়ায় সহায়তা করতে পারবেন
- জাতীয় মহিলা সংস্থার ‘তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে নারীদের ক্ষমতায়ন’ প্রকল্পের মাঠ পর্যায়ের জনবলের মাধ্যমেও আবেদন করা যাবে।

উল্লেখ্য যে ওয়ার্ড পর্যায়ে বরাদ্দকৃত কার্ড সংখ্যার কমপক্ষে দ্বিগুন সংখ্যক আবেদনপত্র সংগ্রহ করতে হবে। এক্ষেত্রে প্রকৃত অসচ্ছল নারীরা যাতে আবেদনের সুযোগ পায় সংশ্লিষ্ট ওয়ার্ড কমিটি তা নিশ্চিত করবে। তবে প্রযোজ্য ক্ষেত্রে ইউনিয়ন/ ওয়ার্ড কমিটির অনুপস্থিতিতে সংশ্লিষ্ট উপজেলা ভিডব্লিউবি কমিটি অথবা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গঠিত উপ-কমিটি এই দায়িত্ব পালন করবে।

### ২.২ বাছাই ও নির্বাচন প্রক্রিয়া:

চলমান ২০২৩-২০২৪ চক্রে অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারী ২০২৫-২০২৬ চক্রে অন্তর্ভুক্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। ২০২৩-২০২৪ চক্রে অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারীসহ ২০২৫-২০২৬ চক্রের আবেদনকারীদের প্রকৃত অবস্থা সরেজমিনে যাচাইপূর্বক অগ্রাধিকার নম্বর/ মান (Weightage) এর ভিত্তিতে প্রাথমিক তালিকা (ছক-০২ অনুযায়ী) প্রস্তুত করতে হবে।

### ২.৩ অন্তর্ভুক্তির আবশ্যিক যোগ্যতা:

১. শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও কর্মক্ষম নারী;
২. বয়সসীমা ২০ হতে ৫০ বছর;
৩. জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক;
৪. পরিবারের স্থায়ী/ নিয়মিত আয়ের উৎস নেই এবং কোন উপার্জনক্ষম সদস্য নেই।

**অগ্রাধিকার প্রাপ্তির যোগ্যতা:**

১. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ০.১৫ একর (১৫ শতাংশ) অথবা কম;

২. অসচ্ছল, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী;
৩. রিক্সা বা ভ্যানচালক, কৃষি শ্রমিক, দিনমজুর, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, মুচি, জেলে ইত্যাদি প্রান্তিক পর্যায়ের পেশাজীবি পরিবার;
৪. পরিবারের নিজস্ব শৌচাগার না থাকা;
৫. পরিবারে বিদ্যুৎ সংযোগ না থাকা (যদি ঐ গ্রামে বিদ্যুৎ থাকে);
৬. পরিবারে বৈদ্যুতিক পাখা না থাকা;
৭. পরিবারে নিজস্ব টিউবওয়েল/ নিরাপদ পানির উৎস না থাকা;
৮. মাটি/পাটখড়ি/গোলপাতা/বাঁশ/টিনের ছাপড়া দিয়ে তৈরী ঘরের দেয়াল;
৯. যে সকল পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে রয়েছে এরূপ পরিবার;
১০. অটিজম/ প্রতিবন্ধী সদস্য আছে এরূপ পরিবার;
১১. প্রত্যাগত অভিবাসীদের পরিবার ও প্রত্যাগত অভিবাসী নারী;
১২. এসিড সার্ভাইবার নারী;

যে দরিদ্র পরিবারে কিশোরী আছে এরূপ পরিবারের "মা" অগ্রাধিকার পাবে। তবে শর্ত থাকে যে কিশোরী নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অংগীকারাবদ্ধ থাকবে। প্রদেয় অঙ্গীকার ভঙ্গাকারী উপকারভোগীদের অনুকূলে বরাদ্দকৃত কার্ড তাৎক্ষনিকভাবে বাতিল করা হবে।

২.৪ **অন্তর্ভুক্তির অযোগ্যতা:**

১. বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের উপরে;
২. সরকারের চলমান অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/ প্রকল্পের উপকারভোগী;
৩. ২০২১-২০২২ অথবা ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রে কার্ডধারী ছিলেন এমন উপকারভোগী।

২.৫ **অন্তর্ভুক্তির সাধারণ শর্তাবলী:**

১. একটি পরিবার কেবলমাত্র একটি ভিডব্লিউবি কার্ড পাবে;
২. নির্বাচিত উপকারভোগীগণ বিনা শর্তে এবং বিনামূল্যে ভিডব্লিউবি কার্ড পাবেন;
৩. আবেদনকারী আবেদনকৃত এলাকার স্থায়ী বাসিন্দা বা ভোটার না হলেও দীর্ঘদিন ঐ এলাকায় বসবাস করলে এবং প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে সেই এলাকার ভিডব্লিউবি কার্যক্রমের সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হতে পারেন।

**৩.০ কমিটি গঠন:** উপজেলা **ভিডব্লিউবি** কমিটির সভাপতি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে আলোচনাক্রমে ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি গঠন করবেন।

**৩.১. ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি:**

ওয়ার্ড কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের সংরক্ষিত নারী আসনের সদস্য | সভাপতি |
| ২. | সরকারি কর্মচারী (সংশ্লিষ্ট ওয়ার্ডের পরিবার পরিকল্পনা/ ভূমি/ কৃষি অধিদপ্তর) | সদস্য |
| ৩. | সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউপি সদস্য (পুরুষ) | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট ইউপি সচিব | সদস্য সচিব |

উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে পরামর্শক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপরিউক্ত রূপরেখা অনুযায়ী ওয়ার্ড কমিটি গঠনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

**কার্যপরিধি:**

১) ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির সার্বিক নির্দেশনা অনুযায়ী ওয়ার্ড কমিটি স্ব স্ব ওয়ার্ডে ভিডব্লিউবি কার্যক্রমে উপকারভোগী হিসেবে অন্তর্ভুক্তির আবেদনের যোগ্যতা, আবেদন প্রক্রিয়া (অনলাইন ও অফলাইন এ্যাপের মাধ্যমে) ইত্যাদি সম্পর্কে বহুল প্রচার-প্রচারণার

ব্যবস্থা গ্রহণ করবে। প্রচারণার ক্ষেত্রে ইউনিয়ন কমিটির সভাপতি ওয়ার্ড কমিটির মাধ্যমে স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠান, মসজিদের ইমামসহ অন্যান্য ধর্মীয় ও সামাজিক নেতৃবৃন্দের সহযোগিতা গ্রহণ করবেন। কমিটি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় কমপক্ষে তিনদিনব্যাপী মাইকিং করা নিশ্চিত করবে;

২) 'ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি' উপকারভোগীদের প্রাথমিক তালিকা (ছক-২) প্রস্তুতের জন্য আবেদনকারীদের তথ্য যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে।

### ৩.২ **ইউনিয়ন ভিডব্লিউবি কমিটির গঠন:**

ইউনিয়ন কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সভাপতি |
| ২. | ইউনিয়ন পরিষদের সকল সদস্য (সংরক্ষিত আসনের নির্বাচিত তিনজন নারী সদস্যসহ) | সদস্য |
| ৩. | সরকারি প্রাথমিক/ মাধ্যমিক বিদ্যালয়ের একজন শিক্ষক (নারী) | সদস্য |
| ৪. | উপসহকারী কৃষি কর্মকর্তা/ পরিবার পরিকল্পনা ওয়ার্ড কর্মী/ স্বাস্থ্য সহকারী/ ইউনিয়ন সমাজকর্মী | সদস্য |
| ৫. | স্থানীয় ২ জন গণ্যমান্য ব্যক্তি (১ জন পুরুষ ও ১ জন নারী) | সদস্য |
| ৬. | তথ্য সেবা সহকারী (তথ্য আপা প্রকল্প) | সদস্য |
| ৭. | সংশ্লিষ্ট ইউপি সচিব | সদস্য সচিব |

*** উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে পরামর্শক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এই কমিটির ৩, ৪, ও ৫ নং ক্রমিকের সদস্য মনোনয়ন করবেন।

**কমিটির কার্যপরিধি:**

১. উপকারভোগী নির্বাচনের পূর্বে ইউনিয়ন পর্যায়ে অবহিতকরণ সভার আয়োজন করবে;
২. ইউনিয়নে প্রয়োজনীয় প্রচার-প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবে;
৩. একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;
৪. উপজেলা ভিডব্লিউবি কমিটির সিদ্ধান্ত ও নির্দেশনা বাস্তবায়ন করবে;
৫. উপকারভোগীদের প্রাথমিক আবেদন ফরম পর্যালোচনা ও সরেজমিনে বাড়ি পরিদর্শন করবে;
৬. ওয়ার্ড কমিটির কার্যক্রম নিয়মিত তদারকি করবে;
৭. তথ্য যাচাইয়ের মাধ্যমে যোগ্য আবেদনকারীদের চিহ্নিত করে ভিডব্লিউবি এমআইএস এর মাধ্যমে **ছক-২** প্রস্তুত করবে;
৮. কমিটির সদস্য সচিব এমআইএস হতে ছক-২ প্রিন্ট করে কমিটির সকল সদস্যের স্বাক্ষর গ্রহণপূর্বক উপজেলা ভিডব্লিউবি কমিটির সদস্য সচিবের নিকট প্রেরণ করবেন। এই প্রক্রিয়া **১০ নভেম্বর, ২০২৪** এর মধ্যে শেষ করতে হবে।

### ৩.৩ **উপজেলা ভিডব্লিউবি কমিটির গঠন:**

উপজেলা কমিটির গঠন নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| ২. | উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা | সদস্য |
| ৩. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ৮. | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) | সদস্য |

| | | |
|---|---|---|
| ৯. | চলতি চক্রের প্রত্যেক সহযোগী বেসরকারি সংস্থার (এনজিও) প্রতিনিধি | সদস্য |
| ১০. | স্থানীয় ১ জন গণ্যমান্য ব্যক্তি (নারী) | সদস্য |
| ১১. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা (তথ্য আপা প্রকল্প) | সদস্য |
| ১২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ (প্রোগ্রাম অফিসার (সদর উপজেলার জন্য) | সদস্য সচিব |

*** উপজেলা নির্বাহী কর্মকর্তার সাথে পরামর্শক্রমে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এই কমিটির ১০ নং ক্রমিকের সদস্য মনোনয়ন করবেন।

**কমিটির কার্যপরিধি:**

১. উপজেলা নির্বাহী অফিসার ৩.১-এ বর্ণিত ৪ সদস্য বিশিষ্ট ওয়ার্ড কমিটি (সকল) গঠনপূর্বক পত্র জারি করবেন;

২. উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভা করবে;

৩. কর্মপরিকল্পনা প্রণয়ন করবে;

৪. ইউনিয়নভিত্তিক কার্ড বরাদ্দ চূড়ান্ত করবে;

৫. তালিকা যাচাই-বাছাই/ পর্যালোচনার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের সহযোগিতায় ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আবশ্যিকভাবে গণজমায়েতের মাধ্যমে আবেদনকারীদের শুনানী গ্রহণ করবে;

৬. সভাপতির পরামর্শক্রমে সদস্য সচিব ইউনিয়ন কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ছক-২ জনসম্মুখে প্রকাশ করবেন;

৭. 'ছক-২' এর প্রয়োজনীয় সংশোধনপূর্বক ছক-৩ (চূড়ান্ত তালিকা) প্রস্তুত করবে;

৮. ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী চূড়ান্তকরণ প্রক্রিয়ার সকল ধাপে সংশ্লিষ্ট ট্যাগ অফিসার সার্বিক সহযোগিতা প্রদান করবেন;

৯. সদস্য সচিব এমআইএস হতে ইউনিয়নভিত্তিক ছক-৩ (চূড়ান্ত তালিকা) প্রিন্ট করে কমিটির পর্যালোচনা ও অনুমোদনের জন্য পেশ করবেন;

১০. সদস্য সচিব 'ছক-৩' এ প্রয়োজনীয় স্বাক্ষর (প্রতি পাতায়) গ্রহণ সাপেক্ষে উপকারভোগীর চূড়ান্ত তালিকা প্রস্তুত করবে;

১১. চূড়ান্ত তালিকা হতে বাদ পড়া অবশিষ্ট আবেদনকারীদের র‍্যাংকিং/ স্কোর (weightage) এর ভিত্তিতে ১০% (ইউনিয়নভিত্তিক) উপকারভোগীর অপেক্ষমান তালিকা প্রস্তুত করবে;

১২. স্বাক্ষরিত চূড়ান্ত তালিকা **১০ ডিসেম্বর ২০২৪** এর মধ্যে ইউনিয়ন পরিষদে প্রেরণ নিশ্চিত করবে;

১৩. **উপকারভোগীদের অনুমোদিত চূড়ান্ত তালিকায় ত্রুটি/ অনিয়ম/ অভিযোগের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা:**

১৩.১ উপকারভোগীদের চূড়ান্ত তালিকা (ছক-৩) সকলের অবগতির জন্য ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে প্রদর্শন করবে;

১৩.২ তালিকার ত্রুটি/ অনিয়ম/ অভিযোগ ইত্যাদি থাকলে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিতভাবে জানাতে হবে;

১৩.৩ কোন অভিযোগ পাওয়া গেলে সভাপতি ০৩ (তিন) সদস্য বিশিষ্ট অভিযোগ নিষ্পত্তি কমিটি গঠন করবেন;

১৩.৪ নিষ্পত্তি কমিটি ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করবে এবং উপজেলা কমিটি এ বিষয়ে চূড়ান্ত পদক্ষেপ গ্রহণ করবে;

১৪. ইউনিয়ন কমিটি উপকারভোগীর স্বয়ংসম্পূর্ণ তালিকা (ছক-২) উপজেলা কমিটির নিকট নির্ধারিত সময়ে প্রেরণে ব্যর্থ হলে সংশ্লিষ্ট উপজেলা কমিটি অথবা উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গঠিত উপ-কমিটির মাধ্যমে ১০ কর্মদিবসের মধ্যে উক্ত তালিকা তৈরি করবে;

১৫. সদস্য সচিব অনুমোদিত উপকারভোগীর চূড়ান্ত তালিকা, অপেক্ষমান তালিকা, সংশোধিত তালিকা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

১৬. কমিটির সদস্য সচিব সংশ্লিষ্ট ট্যাগ অফিসার, ইউনিয়ন কমিটি ও গণ্যমান্য ব্যক্তিদের উপস্থিতিতে ১১-২০ ডিসেম্বর ২০২৪ এর মধ্যে নির্বাচিত উপকারভোগীদেরকে 'ভিডব্লিউবি কার্ড' বিতরণ নিশ্চিত করবেন;

১৭. কোন অবস্থাতেই কার্ড বিতরণ ব্যতিরেকে খাদ্য বিতরণ করা যাবে না;

১৮. **উপকারভোগীদের চূড়ান্ত তালিকা সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে):**

১৮.১ ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের অনুমোদিত চূড়ান্ত তালিকায় কোন অসঙ্গতি পরিলক্ষিত হলে বা সংশোধনের প্রয়োজন হলে সভাপতির অনুমোদনক্রমে সদস্য সচিব প্রয়োজনীয় সংশোধনপূর্বক স্বাক্ষরিত তালিকা ৩১ জানুয়ারি ২০২৫ এর মধ্যে আবশ্যিকভাবে মহিলা বিষয়ক অধিদপ্তরের সদর কার্যালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন;

১৮.২ কোন কার্ডধারী মৃত্যুবরণ করলে বা স্থানান্তরিত হলে পরবর্তী ৬ মাস (৩০ জুন ২০২৫) এর মধ্যে অপেক্ষমান তালিকার ক্রমানুযায়ী নতুন উপকারভোগী নির্বাচনপূর্বক তালিকা পূরণ করতে হবে।

**উপজেলা কমিটির বিশেষ দায়িত্বাবলী:**

- খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা, দারিদ্রতা ও দুর্দশাগ্রস্থ জনসংখ্যার ঘনত্ব অনুযায়ী (জনশুমারি প্রতিবেদন ২০২২, বিবিএস) ইউনিয়ন পর্যায়ে আনুপাতিক হারে ভিডব্লিউবি কার্ড বরাদ্দ করা
- উপজেলা পর্যায়ে কর্মরত এনজিও-কে সক্রিয়ভাবে সম্পৃক্ত করা
- কার্ড বরাদ্দের সকল পর্যায়ে স্বচ্ছতা নিশ্চিত করা
- নির্বাচিত উপকারভোগীর চূড়ান্ত তালিকা অনুমোদনের পর ভিডব্লিউবি এমআইএস-এ অন্তর্ভুক্তি নিশ্চিত করা।

## ৫. উপকারভোগী নির্বাচন কার্যক্রম পরিবীক্ষণ:

- উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ের কর্মকর্তাদেরকে ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনের পরিবীক্ষণের দায়িত্ব প্রদান করবেন
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচিসহ সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনদের সমন্বয়ে উপকারভোগী নির্বাচন চলাকালীন যৌথ পরিদর্শন আয়োজন করা হবে

### ৫.১ পরিবীক্ষণে অনিয়ম পরিলক্ষিত হলে গৃহীত ব্যবস্থা:

পরিবীক্ষণে ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় কোন অনিয়ম যেমন- নির্বাচনের যোগ্যতা পূরণ না হওয়া, যথাযথ কমিটি দ্বারা উপকারভোগী নির্বাচন না করা ইত্যাদি পরিলক্ষিত হলে-

ক. সংশ্লিষ্ট উপকারভোগীর অনুকূলে বরাদ্দকৃত ভিডব্লিউবি কার্ড সরাসরি বাতিল করা হবে। এক্ষেত্রে অনুমোদিত অপেক্ষমান তালিকা হতে ক্রমানুসারে উপকারভোগী নির্বাচন করা হবে;

খ. পরিবীক্ষণে উপকারভোগীর চূড়ান্ত তালিকায় ত্রুটির পরিমান ১০% এর অধিক পরিলক্ষিত হলে উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক গঠিত উপ-কমিটির মাধ্যমে ১০ কর্ম দিবসের মধ্যে সম্ভাব্য উপকারভোগীদের তালিকা তৈরি করবে;

## ৬. ভিডব্লিউবি খাদ্য (সাধারণ চাল/ পুষ্টি চাল) বিতরণের সময়সূচি:

৬.১ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রতিমাসের ১৫ হতে ২৫ তারিখের মধ্যে ওয়ার্ডভিত্তিক খাদ্য (চাল) বিতরণের জন্য নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী খাদ্য বিতরণ করবেন:

**খাদ্য বিতরণের সম্ভাব্য সময়সূচি:**

| ওয়ার্ড নং | সময় | তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১, ২, ৩ | সকাল ৮:৩০ থেকে ১১:০০টা | প্রতি মাসের ১৫ হতে ২৫ তারিখ | ইউপি চেয়ারম্যান প্রতিমাসের ১৫ হতে ২৫ তারিখের মধ্যে খাদ্য বিতরণ নিশ্চিত করবেন। |
| ৪, ৫, ৬ | সকাল ১১:৩০ থেকে দুপুর ১:৩০টা | | |
| ৭, ৮, ৯ | বিকাল ২:৩০ থেকে ৫:০০ টা | | |

৬.২ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার ও সংশ্লিষ্ট ট্যাগ অফিসারের উপস্থিতিতে খাদ্য বিতরণ করতে হবে। তবে, কোন অবস্থাতেই ট্যাগ অফিসারের অনুপস্থিতিতে খাদ্য বিতরণ করা যাবে না;

৬.৩ খাদ্য বিতরণে ট্যাগ অফিসার বিনা কারণে অনুপস্থিত থাকলে কিংবা কোন অনিয়ম হলে তদন্তসাপেক্ষে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

## ৭. বিশেষ বিবেচ্য বিষয়সমূহ:

৭.১ এই পরিপত্রটি সম্পূর্ণরূপে ২০২৫-২০২৬ চক্রের জন্য ভিডব্লিউবি উপকারভোগী বাছাই, মনিটরিং ও ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রযোজ্য হবে;

৭.২ ভিডব্লিউবি উপকারভোগীদের নির্বাচন প্রক্রিয়ায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে সরকার ভিডব্লিউবি কার্যক্রমের খাদ্য সাহায্য স্থগিত/ বাতিল করবে;

৭.৩ উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় কোন কমিটি কর্তৃক অনিয়ম পরিলক্ষিত হলে উক্ত কমিটির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে;

৭.৪ উপকারভোগী নির্বাচন প্রক্রিয়ায় মন্ত্রণালয়/ অধিদপ্তর/ মাঠ পর্যায়ের সম্পৃক্ত কর্মকর্তাদেরকে ভিডব্লিউবি এমআইএস (উপকারভোগী নিবন্ধন প্রক্রিয়া) এর উপর মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হবে। এক্ষেত্রে জাতিসংঘ বিশ্ব খাদ্য কর্মসূচি প্রয়োজনীয় কারিগরী সহযোগিতা প্রদান করবে।

এই পরিপত্রে উল্লেখিত নির্দেশনাসমূহ প্রতিপালন ও বাস্তবায়নের জন্য সম্পৃক্ত সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(মুনিয়া চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (মবিঅ-২)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
ফোন: ৯৫১৪৬১৪

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা
০৫। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিব, দূর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০। মহাপরিচালক, ত্রাণ ও পূনর্বাসন অধিদপ্তর, ঢাকা।
১১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
১২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১৩। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ........................................................
১৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ....................................................................
১৫। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ..................................
১৮। উপপরিচালক (ভিডব্লিউবি), মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।
১৯। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, ................................................
২০। প্রতিনিধি, বিশ্ব খাদ্য কর্মসূচী, সোশ্যাল প্রটেকশন, ঢাকা।
২১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/ প্রোগ্রাম অফিসারের কার্যালয়, .....
২২। চেয়ারম্যান, ..............................ইউনিয়ন, ..................................উপজেলা, ..............................জেলা।
২৩। নির্বাহী পরিচালক/ পরিচালক, ..................................................................................।

মুনিয়া চৌধুরী
২২/১০/২৪
(মুনিয়া চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (মবিঅ-২)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

## ছক-১

**ভিডব্লিউবি কার্যক্রমের উপকারভোগী হওয়ার আবেদনপত্র**

**(ভিডব্লিউবি চক্র ২০২৫-২০২৬)**

**ব্যক্তিগত তথ্য:**

| | | |
|---|---|---|
| ০১। | নাম | |
| ০২। | পিতার নাম | |
| ০৩। | মাতার নাম | |
| ০৪। | স্বামীর নাম | |
| ০৫। | জন্ম তারিখ | |
| ০৬। | মোবাইল নং | |
| ০৭। | জাতীয় পরিচয়পত্রের নম্বর (**বাধ্যতামূলক**) | |

**যোগাযোগের তথ্য:**

| | | |
|---|---|---|
| ০৮। | স্থায়ী ঠিকানা | |
| | ডাকঘর কোড | |
| | গ্রাম | |
| | বাড়ির ঠিকানা: বাড়ি / পাড়ার নাম | |
| | ওয়ার্ড নং | |
| | ইউনিয়ন | |
| | উপজেলা | |
| | জেলা | |

**অন্যান্য তথ্যাদি:** **√ চিহ্ন দিন**

| | | | |
|---|---|---|---|
| ০৯। | আবেদনকারীর বয়স (২০ হতে ৫০ বছর) | ...... বছর | |
| ১০। | সরকারের অন্যকোন কর্মসূচি/ প্রকল্পের উপকারভোগী কি না? | হ্যাঁ | না |
| ১১। | বৈবাহিক অবস্থা | অবিবাহিত/ বিবাহিত/ বিধবা/ তালাকপ্রাপ্ত/ স্বামী পরিত্যক্তা | |
| ১২। | স্থায়ী আয়ের উৎস | আছে | নাই |
| ১৩। | পরিবারের সদস্য সংখ্যা কতজন? | ...... জন | |
| ১৪। | পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা কী? | রিক্সা বা ভ্যানচালক/ কৃষি শ্রমিক/ দিনমজুর/ কামার/ কুমার/ ধোপা/ নরসুন্দর/ কুলি/ মুচি/ জেলে/ অন্যান্য | |
| ১৫। | পরিবারের নিজস্ব শৌচাগার আছে / নাই | আছে | নাই |
| ১৬। | আবেদনকারীর গ্রামে বিদ্যুৎ আছে কি? | হ্যাঁ | না |
| ১৭। | পরিবারে বিদ্যুৎ সংযোগ আছে কি? | হ্যাঁ | না |
| ১৮। | পরিবারে বৈদ্যুতিক পাখা আছে কি? | হ্যাঁ | না |
| ১৯। | পরিবারে নিজস্ব টিউবওয়েল আছে কি? | হ্যাঁ | না |
| ২০। | ঘরের দেয়াল কী দিয়ে তৈরি? | মাটির/ পাটকাঠির/ বাঁশের/ ইটের/ টিনের/ অন্যান্য | |
| ২১। | জমির মালিকানা (বসতভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমান ০.১৫ একরের (১৫ শতক) কম/.০৫ একরের (০৫ শতক) কম | নিজস্ব মালিকানায় জমির পরিমান: ৫ শতকের কম/ ৫-১৫ শতকের মধ্যে / ১৫ শতকের উর্ধ্বে | |
| ২২। | ২০২১-২০২২ এবং ২০২৩-২০২৪ চক্রে ভিডব্লিউবি কার্ডধারী ছিলেন? | হ্যাঁ | না |

| | | | |
|---|---|---|---|
| ২৩। | পরিবারে কিশোরী আছে কি? | আছে | নাই |
| ২৪। | পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে আছে কি? | আছে | নাই |
| ২৫। | পরিবারে অটিজম/ কর্মে অক্ষম শারীরিক ও মানসিক প্রতিবন্ধী সদস্য আছে কি? | আছে | নাই |
| ২৬। | পরিবারে প্রত্যাগত অভিবাসী নারী আছে কি? | আছে | নাই |
| ২৭। | পরিবারে এসিড সার্ভাইবার নারী আছে কি? | আছে | নাই |
| ২৮। | আবেদনকারী চলমান ২০২৩-২০২৪ চক্রের ১০% অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত আছেন কি না? | হ্যাঁ | না |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সম্পূর্ণ সত্য।

আবেদনকারীর নাম ও স্বাক্ষর

ছক-২

ভিডব্লিউবি কার্যক্রমের জন্য উপকারভোগী বাছাই/ নির্বাচনের প্রাথমিক তালিকার 'ছক'

(ভিডব্লিউবি চক্র ২০২৫-২০২৬)

ওয়ার্ড নং:    ইউনিয়ন :    উপজেলা:    জেলা :

| ক্র: নং | আবেদনকারীর নাম:<br>পিতার নাম:<br>স্বামীর নাম:<br>ঠিকানা:<br>গ্রাম-,<br>বাড়ি/ পাড়ার নাম-<br>মোবাইল নম্বর: | বয়স | জাতীয় পরিচয় পত্র নম্বর | পরিবারের সদস্য সংখ্যা | দুঃস্থতা নির্ণয়ক | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | জমির মালিকানা | | পরিবারের উপার্জনকারী ব্যক্তির পেশা | পরিবারে কর্মক্ষম অসচ্ছল ও অসহায় নারী | আর্থ-সামাজিক অবস্থা (স্কোর=১.১) | | | | | | | | অন্যান্য | | | | | | স্ট্যাটাস | কা |
| | | | | | ০.০৫ - ০.১৫ একর (৫-১৫ শতক) পরিমান জমি (স্কোর=০.৭৫) | ০.০৫ একরের (৫ শতক) কম জমি (স্কোর=১) | রিক্সা বা ভ্যানচালক, কৃষি শ্রমিক, দিনমজুর, কামার, কুমার, ধোপা, নরসুন্দর, কুলি, মুচি, জেলে/ অন্যান্য (স্কোর=১.২৫ ) | বিধবা / তালাকপ্রাপ্ত / স্বামী পরিত্যক্তা নারী (স্কোর=১) | মাটি/পাটখড়ি/ গোলপাতা/বাঁশ দিয়ে তৈরী ঘরের দেয়াল (স্কোর= ০.৭৫) | টিনের তৈরি ঘর (আছে /নাই) (স্কোর =০.৫০) | ইটের ঘর (আছে/ নাই) (স্কোর= ০.০৫) | নিজস্ব শৌচাগার (আছে/ নাই) (স্কোর= ০.২৫) | আবেদনকারীর গ্রামে বিদ্যুৎ সংযোগ (আছে/ নাই) (স্কোর= ০.২৫) | আবেদনকারীর পরিবারে বিদ্যুৎ সংযোগ (আছে/ নাই) (স্কোর= ০.২৫) | পরিবারে বৈদ্যুতিক পাখা (আছে/ নাই) (স্কোর= ০.২৫) | পরিবারের নিজস্ব টিউবওয়েল (আছে/ নাই) (স্কোর= ০.২৫) | পরিবারে কিশোরী (আছে/ নাই) (স্কোর=০.২৫) | পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে (আছে/ নাই) (স্কোর= ০.৪৫) | পরিবারে প্রত্যাগত অভিবাসী নারী (আছে/ নাই) (স্কোর= ০.২৫) | পরিবারে অটিজম/ কর্মে অক্ষম শারীরিক ও মানসিক প্রতিবন্ধী সদস্য (আছে/ নাই) (স্কোর= ০.৭৫) | পরিবারে এসিড সার্ভাইবার নারী (আছে/ নাই) (স্কোর= ০.৭৫) | অপেক্ষমান তালিকায় অন্তর্ভুক্ত উপকারভোগী (স্কোর=১) | সুপারিশকৃত / সুপারিশকৃত নয় | |

| প্রাথমিক তালিকা প্রস্তুতের সমন্বয়কারী (ওয়ার্ড কমিটি) | | | |
|---|---|---|---|
| স্বাক্ষর : | স্বাক্ষর : | স্বাক্ষর : | স্বাক্ষর : |
| পদবী : ইউ.পি. সচিব | পদবী : ইউ.পি. মহিলা সদস্য | পদবী : ইউ.পি. পুরুষ সদস্য | পদবী : |
| ওয়ার্ড নং : | ওয়ার্ড নং : | ওয়ার্ড নং : | প্রতিষ্ঠানের নাম :<br>(ইউনিয়ন পর্যায়ে সরকারি কর্মচারী) |

সভাপতি, ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি

# ছক-৩

ভিডব্লিউবি কার্যক্রমের জন্য উপকারভোগী নির্বাচনের তালিকার চূড়ান্ত ‘ছক’

(ভিডব্লিউবি চক্র ২০২৫-২০২৬)

ইউনিয়ন : উপজেলা : জেলা :

| ক্রমিক নং | উপকারভোগীর নাম | পিতা/ স্বামীর নাম | বয়স | জাতীয় পরিচয়পত্র নম্বর | মোবাইল নম্বর | পরিবারে সদস্য সংখ্যা | ওয়ার্ড নং | গ্রাম | পাড়া / বাড়ীর নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

| | |
|---|---|
| চূড়ান্ত তালিকা প্রস্তুতকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : সদস্য সচিব, ইউ.পি. ভিডব্লিউবি উপকারভোগী বাছাই কমিটি | স্বাক্ষর :<br>পদবী : সভাপতি, ইউ.পি. ভিডব্লিউবি উপকারভোগী বাছাই কমিটি |

| | |
|---|---|
| স্বাক্ষর :<br>পদবী : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা / প্রোগ্রাম অফিসার<br>সদস্য সচিব, উপজেলা ভিডব্লিউবি কমিটি/<br>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | চূড়ান্ত তালিকা অনুমোদনকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : উপজেলা নির্বাহী অফিসার<br>সভাপতি, উপজেলা ভিডব্লিউবি কমিটি |

# অপেক্ষমান তালিকা

ভিডব্লিউবি কার্যক্রমের জন্য উপকারভোগী নির্বাচনের তালিকার অপেক্ষমান 'ছক'

(ভিডব্লিউবি চক্র ২০২৫-২০২৬)

ইউনিয়ন : উপজেলা : জেলা :

| ক্রমিক নং | উপকারভোগীর নাম | পিতা/ স্বামীর নাম | বয়স | জাতীয় পরিচয়পত্র নম্বর | মোবাইল নম্বর | পরিবারে সদস্য সংখ্যা | ওয়ার্ড নং | গ্রাম | পাড়া / বাড়ীর নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

| | |
|---|---|
| চূড়ান্ত তালিকা প্রস্তুতকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : সদস্য সচিব, ইউ.পি. ভিডব্লিউবি উপকারভোগী বাছাই কমিটি | স্বাক্ষর :<br>পদবী : সভাপতি, ইউ.পি. ভিডব্লিউবি উপকারভোগী বাছাই কমিটি |

| | |
|---|---|
| স্বাক্ষর :<br>পদবী : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা / প্রোগ্রাম অফিসার<br>সদস্য সচিব, উপজেলা ভিডব্লিউবি কমিটি/<br>উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা | চূড়ান্ত তালিকা অনুমোদনকারী:<br>স্বাক্ষর :<br>পদবী : উপজেলা নির্বাহী অফিসার<br>সভাপতি, উপজেলা ভিডব্লিউবি কমিটি |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**২০২৫-২০২৬ ভিডব্লিউবি চক্রের উপকারভোগী নির্বাচনের কর্ম-পরিকল্পনা:**

| কার্যক্রম | বাস্তবায়নে | সময়কাল | মন্তব্য |
|---|---|---|---|
| ২০২৫-২০২৬ চক্রে উপকারভোগী নির্বাচনের জন্য উপজেলা কমিটি কর্তৃক অবহিতকরণ সভা আহবান, কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও ইউনিয়ন পর্যায়ে ভিডব্লিউবি কার্ড সংখ্যা নির্ধারণ | উপপরিচালক (জেলা) / উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা/প্রোগ্রাম অফিসার | ১-২০ অক্টোবর, ২০২৪ | |
| ইউনিয়ন ও ওয়ার্ড কমিটি কর্তৃক ভিডব্লিউবি কার্যক্রমের আবেদন প্রক্রিয়ার উপর প্রচার প্রচারণা | ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি ও ওয়ার্ড ভিডব্লিউবি কমিটি | ১-৩০ অক্টোবর, ২০২৪ | |
| আগ্রহী নারীদের কাছ থেকে অনলাইনে আবেদন গ্রহণ | আগ্রহী নারী | ১০-৩০ অক্টোবর, ২০২৪ | অবশ্যই অনলাইনে হতে হবে (প্রয়োজন স্বাপেক্ষে অফলাইন এ্যাপেও আবেদন করা যাবে)। |
| ওয়ার্ড কমিটি কর্তৃক আবেদনকারীদের তথ্য যাচাই ও ইউনিয়ন কমিটি কর্তৃক অনলাইনে ছক-২ প্রণয়ন, প্রিন্ট, ও স্বাক্ষরসহ উপজেলা ভিডব্লিউবি কমিটির নিকট প্রেরণ | ওয়ার্ড কমিটি ও ইউনিয়ন ভিডব্লিউবি কমিটি | ১-১০ নভেম্বর, ২০২৪ | ছক-২ এর প্রিন্ট আউট (স্বাক্ষর সহ) পাঠাতে হবে এবং অনলাইনেও জমা দিতে হবে। |
| উপজেলা কমিটি কর্তৃক প্রতিটি ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে আবেদনকারীদের উপস্থিতিতে গণজমায়েত, তথ্য যাচাই ও ছক-২ সংশোধন করে ছক-৩ (চূড়ান্ত নির্বাচনের তালিকা) প্রণয়ন ও উপজেলা কমিটি দ্বারা অনুমোদন এবং ১০ শতাংশ অপেক্ষমান তালিকা প্রণয়ন ও অনুমোদন | উপজেলা কমিটি | ১১ নভেম্বর - ১০ডিসেম্বর ২০২৪ | অনলাইনে ছক-৩ প্রস্তুত করে প্রিন্ট করে সকলের স্বাক্ষর নিয়ে ফাইলে এবং অনলাইনে সংরক্ষণ করতে হবে এবং অপেক্ষমাণ তালিকা প্রস্তুত করে প্রিন্ট করে সকলের স্বাক্ষর নিয়ে ফাইলে এবং অনলাইনে সংরক্ষণ করতে হবে |
| চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের মাঝে ভিডব্লিউবি কার্ড বিতরণ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা / প্রোগ্রাম অফিসার ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ট্যাগ অফিসার | ১১-২০ ডিসেম্বর, ২০২৪ | |
| প্রয়োজন স্বাপেক্ষে ছক-৩ এর সংশোধনের জন্য ও নতুন উপকারভোগী অন্তর্ভুক্তকরণের শেষ সময়সীমা | উপজেলা ভিডব্লিউবি কমিটি | ৩০ জুন, ২০২৫ | অবশ্যই উপজেলা ভিডব্লিউবি কমিটির সভার রেজুলেশনে উল্লেখ থাকতে হবে। অনলাইনে প্রয়োজনীয় সংশোধন করে নতুন তালিকা প্রিন্ট করে স্বাক্ষর সহ অনুমোদন করাতে হবে। |

২২/১০/২০২৪
(মুনিয়া চৌধুরী)
সিনিয়র সহকারী সচিব (মবিঅ-২)
ফোন: ৯৫১৪৬১৪